

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪০১৬

সোনা মুড়া, ০৪ নভেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা  
মেলাঘর পুরপরিষদ কার্যালয়ে প্রশাসনিক শিবির

মেলাঘর পুরপরিষদ কার্যালয় প্রাঙ্গণে সম্প্রতি বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে স্বাস্থ্য দপ্তর থেকে ৩৩ জন রোগীর চিকিৎসা করে প্রয়োজনীয় ঔষধপত্র দেওয়া হয়। পঞ্চায়েত দপ্তর থেকে ৩৬ জনকে আর ও আর প্রদান করার জন্য আবেদন পত্র গ্রহণ করা হয়। শ্রমদপ্তরের পক্ষ থেকে ১২ জনকে ই-শ্রম কার্ড এবং ১৩ জনকে এন এস কে পি -এর আওতায় সুবিধা প্রদান করার জন্য নাম নথিভুক্ত করা হয়। শিবিরে সোনা মুড়া মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ১৩ জনকে ইনকাম, ২৯ জনকে পিআরটিসি, ৮ জনকে এসসি, ৯ জনকে ওবিসি এবং ২ জনকে বিবাহ নিবন্ধীকরণ সার্টিফিকেট প্রদান করার জন্য আবেদনপত্র গ্রহণ করা হয় এবং ১৫০ জনের আধার কার্ড আপডেট করে দেওয়া হয়।

\*\*\*\*\*